# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 19 May, 2025

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে গার্মেন্টস শ্রমিকদের বোনাস ও বেতন পরিশোধের বিষয়ে নির্দেশনা দিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। সোমবার (১৯ মে) রাজধানীতে আইনশৃঙ্খলা কমিটির এক সভা শেষে তিনি সাংবাদিকদের এ তথ্য জানান।

তিনি বলেন, "চলতি মে মাসের মধ্যেই গার্মেন্টস কর্মীদের ঈদ বোনাস দিতে হবে এবং ১ থেকে ৩ জুনের মধ্যে দিতে হবে বেতন।শ্রমিকদের যৌক্তিক দাবি অবশ্যই মেনে নিতে হবে, তবে অযৌক্তিক দাবির ভিত্তিতে রাস্তাঘাট ঘেরাও করলে আইনশৃঙ্খলা বাহিনী কঠোর ব্যবস্থা নেবে।"

ঈদের সময় অতিরিক্ত যাত্রী বহনের বিষয়ে সতর্কতা জানিয়ে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, "বাস, ট্রেন, নৌযান—কোনো যানবাহনেই অতিরিক্ত যাত্রী বহন করা যাবে না।একই নিয়ম পশুবাহী যানবাহনের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।"

তিনি আরও বলেন, "মানুষের নানা দাবি থাকবেই।তবে আহ্বান করব—সব মন্ত্রণালয় যেন শ্রমিকদের যৌক্তিক দাবি মেনে নেয়।কেউ যেন অযৌক্তিক দাবি নিয়ে সড়ক দখল করে সাধারণ মানুষের ভোগান্তির কারণ না হয়।সবাই যেন তাদের নিজ নিজ কমপ্লেক্সে অবস্থান নিয়েই দাবি আদায়ে কাজ করেন।"

সভায় দেশের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা, কোরবানির পশুরহাট ব্যবস্থাপনা, মুদ্রাস্ফীতি ও

পরিবহন খাতের বিশৃঙ্খলা রোধ নিয়েও আলোচনা হয় বলে জানা গেছে।

ঈদুল আজহা স্বরাষ্ট্র উপদেষ্টা গার্মেন্টস শ্রমিক

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:10

URL: https://www.timestodaybd.com/national/5709752673